

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নাগেশ্বরী থানা
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং- ১০০

তারিখ : ০১ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ।

স্থায়ী কমিটির সভার নোটিশ :

এতদ্বারা অত্র উপজেলার উপজেলা আইন- শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ০৭ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ তারিখ সময়সূচী ০৩.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জন্মাব মোঃ রফিকুলজ্জামান, উপজেলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :

১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।


২। অর্থ সংক্রান্ত।

৩। উন্নয়ন মূলক।

৪। অপরেশনাল।

৫। বিবিধ।

প্রাপক
জনাব.....
নাগেশ্বরী, কুড়িগ্রাম।


(মোঃ রশেদ ইসলাম)

সদস্য সচিব

উপজেলা আইন- শৃঙ্খলা বিষয়ক কমিটি
ও

অফিসার ইনচার্জ নাগেশ্বরী থানা,
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-নাঃ থাঃ/নাগ/কুড়ি/২০২১/ ১০০ (৩)

তারিখ :

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

২। উপজেলা নিবার্হী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

৩। অফিস কপি।

স্বাক্ষরিত

(মোঃ রশেদ ইসলাম)

সদস্য সচিব





উপজেলা আইন- শৃঙ্খলা বিষয়ক কমিটি
ও

অফিসার ইনচার্জ নাগেশ্বরী থানা,
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নাগেশ্বরী থানা
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

বিষয়	৪ উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি	৪ মোঃ রফিকনুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী।
তারিখ	৪ ০৭ ডিসেম্বর ২০২১ খ্রিঃ, সময় ৪ বিকাল ০৩.০০ টা
স্থান	৪ নাগেশ্বরী থানা, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিতি স্বাক্ষর :

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর	মন্তব্য
১	মোঃ রফিকনুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সভাপতি	 ০৭-১২-২১	
২	মেয়র, নাগেশ্বরী পৌরসভা, নাগেশ্বরী কুড়িগ্রাম	সদস্য	 ০৭-১২-২১	
৩	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, নাগেশ্বরী কুড়িগ্রাম	সদস্য		
৪	উপজেলা কৃষি কর্মকর্তা, নাগেশ্বরী কুড়িগ্রাম	সদস্য	 ০৭-১২-২১	
৫	অফিসার ইনচার্জ, নাগেশ্বরী থানা, নাগেশ্বরী কুড়িগ্রাম	সদস্য সচিব	 ০৭-১২-২১	

আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপরোক্ষনাল।
- ৫। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্ত ৪-

১ নং বিষয়ে আলোচনা শুরু হলে অফিসার ইনচার্জ, নাগেশ্বরী থানা গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত ৪ গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনাতে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

২ নং বিষয়ে আলোচনা শুরু হলে অফিসার ইনচার্জ, নাগেশ্বরী থানা জানান যে, আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। চুরি, ডাকাতি, ছিনতাই, মাদক সেবন, মাদক বিক্রি, সন্ত্রাসী, চাঁদাবাজি, ও বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ড প্রতিহত করতে আইনশৃঙ্খলা রক্ষা ও জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে অন্ত উপজেলায় মতবিনিময় সভার আয়োজন করা হয়ে থাকে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সর্বান্তক চেষ্টা অব্যহত আছে। জনসাধারণ যাতে কোন প্রকার অপরাধে জরিত না হল সে বিষয়ে সচেতনতা মূলক প্রচার-প্রচারণা পরিচালিত করা হয়। যে কোন অস্বাভাবিক পরিস্থিতি মোকাবেলায় পুলিশ প্রশাসন সর্বদা প্রস্তুত রয়েছে। এছাড়া তিনি সকল অবিভাবকদের কে তাদের সন্তানদের বিষয়ে খোঁজ-খবর রাখার জন্য বিশেষ ভাবে বলেন, যাতে আপনার সন্তানরা কোন প্রকার অপরাধে জরিয়ে না পরে। এবং তিনি অভিভাবকদের নিয়মিত স্কুল-কলেজে গিয়ে সন্তানদের খোঁজ খবর নেয়ার জন্য অনুরোধ জানান।

৩ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপস্থিত জানান যে, তার দণ্ডের কার্যক্রম স্বাভাবিক চলছে। তেমন কোন সমস্যা নেই।

৪ নং বিষয়ে আলোচনা শুরু হলে মেয়র, নাগেশ্বরী পৌরসভা জানান যে, মাদক নিয়ন্ত্রণ, চুরি ছিনতাইসহ অন্যান্য অপরাধ যাতে সংঘটিত না হয় এর জন্য পুলিশ বাহিনীকে টহল জোরদার করার পরামর্শ প্রদান করেন। এবং পৌরসভার প্রতিটি ওয়ার্ডে এবং প্রত্যেকটি ইউনিয়নে বিট পুলিশিং কার্যক্রমের মাধ্যমে পুলিশিং সেবা জনগণের দোরগোড়ায় পৌছে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানান। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন।

৫ নং বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ রফিকুজ্জামান)

ডাইস চেয়ারম্যান,

উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।